এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১► ৯ম শ্রেণির ছাত্রী তাহমিনার প্রথম দিনের ক্লাসে শিক্ষক নাগরিকতা, সুনাগরিকের গুণাবলি, নাগরিকের অধিকার ও কর্তব্য প্রভৃতির ওপর আলোচনা করেছিলেন। ক্লাস শেষে তাহমিনার মনে হলো একজন নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার।

ক. ব্যাপক অর্থে পৌরনীতি কী? ১

খ. রাষ্ট্রের উপাদান হিসেবে সরকারের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের শিক্ষক কোন বিষয় পড়াচ্ছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তাহমিনার মতো তুমিও কি মনে কর যে নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার? যুক্তিসহ মতামত দাও। ৪

২► মিজান চাকরি করতে যুক্তরাষ্ট্রে গমন করেন। চাকরিরত অবস্থায় তিনি সে দেশের এক নাগরিককে বিবাহ করেন। তিনি চাকরির পাশাপাশি ব্যবসা শুরু করেন এবং সময়মতো কর প্রদান করেন।

ক. অর্থনৈতিক অধিকার কাকে বলে? ১

খ. সুনাগরিক বলতে কী বোঝায়? ২

গ. মিজান কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "মিজানের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩► বাংলাদেশের প্রাচীন ও ঐতিহ্যবাহী জামদানি শাড়ি, নকশিকাঁথা আর সুস্বাদু ফজলি আম এ তিনটি বিশেষ পণ্যের নিবন্ধন করে ভারত মালিকানা প্রতিষ্ঠিত করতে যাচ্ছে। ১৯৯৯ সালে ভারত 'ভৌগোলিক নির্দেশক আইন' করে। কিন্তু বাংলাদেশ এখনো বিশেষ দেশজ পণ্যের স্বত্ব নিবন্ধন করতে পারেনি। ফলে এসব বিশেষ পণ্য রপ্তানির ক্ষেত্রে ভবিষ্যতে সমস্যায় পড়তে পারে বাংলাদেশ।

ক. আইনসভা কী? ১

খ. সাম্য ও স্বাধীনতা গণতন্ত্রের মূলভিত্তি– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পণ্যের সুরক্ষার জন্য পৌরনীতির যে বিষয়টি অধিক গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে সেটির মৌলিক বৈশিষ্ট্য আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে যে আইন ভূমিকা রাখতে পারে তা বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৪ ▶ লাবিবদের দেশে জাতীয় সংসদ নির্বাচন হয়। নির্বাচন শেষে সংখ্যাগরিষ্ঠ আসন লাভকারী দল সরকার গঠন করে। এই দলের নেতা প্রধানমন্ত্রী নির্বাচিত হন। তিনি অন্য মন্ত্রীদের মধ্যে দায়িত্ব বণ্টন করেন। তার মন্ত্রীসভা প্রকৃত শাসন ক্ষমতার অধিকারী। তাদের আইন বিভাগ ও শাসন বিভাগের মধ্যে সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ।

ক. আইন ও শাসন বিভাগের সম্পর্কের ভিত্তিতে সরকার কত প্রকার? ১

খ. কল্যাণ রাষ্ট্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে লাবিবদের দেশে কী ধরনের সরকার ব্যবস্থা চালু আছে? নিরূপণ করো। ৩

ঘ. উক্ত সরকারব্যবস্থা বাংলাদেশের জন্য কতটুকু উপযোগী? বিশ্লেষণ করো। ৪

৫ ▶ দিপু একটি সংবিধান পর্যালোচনা করেছে। এর ভাষা সহজ, সরল ও প্রাঞ্জল। অপ্রয়োজনীয় বিষয় এতে নেই। এতে সামাজিক রীতি-নীতি ও ঐতিহ্যের প্রতিফলন ঘটেছে। এটি পরিবর্তন করা সহজও নয় আবার কঠিনও নয়। রাষ্ট্র পরিচালনার মূলনীতিও এতে অন্তর্ভুক্ত আছে।


ক. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য কতজন ছিল? ১

খ. দুষ্পরিবর্তনীয় সংবিধান বলতে কী বোঝায়? ২

গ. দিপুর পর্যালোচনা করা সংবিধানটি কোন ধরনের সংবিধান নিরূপণ করো? ৩

ঘ. দিপুর পর্যালোচনা করা সংবিধানের সাথে বাংলাদেশের সংবিধানের তুলনামূলক বিচার কর। ৪

৬ ▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. জাতীয় সংসদের কতটি আসন মহিলাদের জন্য সংরক্ষিত? ১

খ. বিভাগীয় কমিশনারের কার্যাবলি বর্ণনা কর। ২

গ. ছকে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার কোন বিভাগটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকে উল্লিখিত বিভাগটির কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ শামীম একটি সংস্থার সদস্য। তার সংস্থার মূল উদ্দেশ্য ক্ষমতা লাভ করা। এছাড়া দেশের জাতীয় সমস্যা সমাধানে তার সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. আধুনিক গণতান্ত্রিক শাসনব্যবস্থা মূলত কোন দলের শাসন? ১

খ. বাংলাদেশ জামায়াতে ইসলামি' দলটি কার নেতৃত্বে প্রতিষ্ঠিত হয়? ২

Teachingbd.com

গ. শামীম কোন ধরনের সংস্থার সদস্য? এর বৈশিষ্ট্যগুলো বর্ণনা করো? ৩

ঘ. শামীমের সংস্থা সুখী ও সমৃদ্ধ দেশ গঠনে কী ধরনের ভূমিকা পালন করতে পারে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮▶ মি. ফরিদুল হক প্রশাসনের দ্বিতীয় পর্যায়ের প্রধান কর্মকর্তা। তিনি ভূমি সংক্রান্ত যাবতীয় কাজ করে থাকেন। তার নেতৃত্বেই ভূমির খাজনা আদায় করা হয়। এছাড়া তিনি কর সংক্রান্ত বিরোধ মীমাংসা করে থাকেন। কর্মকাণ্ডের ব্যাপকতার জন্য তাকে তাঁর প্রশাসনের মূল স্তম্ভ বলা হয়।

ক. দেশের সকল প্রশাসনিক সিদ্ধান্ত কোথায় গৃহীত হয়? ১

খ. বিভাগীয় প্রশাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কাজ ফরিদুল হকের প্রশাসনের কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত কাজ ছাড়াও ফরিদুল হক আরো অনেক গুরুত্বপূর্ণ কাজ করেন"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯▶ জয়নালের পরিবারের লোকসংখ্যা বেশি। সে ভূমিহীন কৃষক। তার সামান্য আয় দিয়ে পরিবারের সদস্যদের খাবার যোগাড় করতে পারে না। তারা দৈনিক গড়ে ৮০০ কিলোক্যালরি খাদ্য জনপ্রতি গ্রহণ করতে পারে না।

ক. বাংলাদেশের প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে? ১

খ. জনসংখ্যা সমস্যা কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের জয়নালের পরিবারের খাদ্য পরিস্থিতি ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে জয়নালের মতো পরিবারগুলোর খাদ্যের এরূপ অবস্থার কারণ বিশ্লেষণ করো। ৪

১০▶ ১৯৫২ → ১৯৫৪ → ? → ১৯৬৯ → ১৯৭১

ক. কত সালে সংবিধানে বাংলাভাষা রাষ্ট্র ভাষা হিসাবে স্বীকৃতি পায়? ১

খ. ২১ দফা কর্মসূচির উল্লেখযোগ্য দিকগুলো ব্যাখ্যা করো। ২

গ. ছকে '?' চিহ্নিত স্থানে সংঘটিত কর্মসূচি ছিল বাঙালি জাতির মুক্তির সনদ- ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত সালগুলোর ঘটনাপ্রবাহের হাত ধরেই বাংলাদেশ স্বাধীন হয়- ব্যাখ্যা করো। ৪

১১▶ তামিম বিশ্বের এমন একটি প্রতিষ্ঠানের প্রধান হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় যে প্রতিষ্ঠানটি বিশ্বশান্তি ও নিরাপত্তা নিশ্চিত করে। মানুষের সমান অধিকার প্রতিষ্ঠা করে। প্রত্যেক সদস্য রাষ্ট্রের মধ্যে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সহযোগিতা গড়ে তোলে। সকল ধর্ম ও বর্ণের লোক, স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি সম্মান ও শ্রদ্ধা গড়ে তোলে।

ক. নিরাপত্তা পরিষদ কতটি সদস্য রাষ্ট্র নিয়ে গড়ে ওঠে? ১

খ. জাতিসংঘের জন্ম হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. তামিম যে প্রতিষ্ঠানের প্রধান হতে চান সে প্রতিষ্ঠানের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত প্রতিষ্ঠানটির প্রত্যেক উদ্দেশ্যই জনকল্যাণের জন্য গৃহীত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোনটিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয়?**

ক ভূগোল খ পৌরনীতি
গ অর্থনীতি ঘ ইতিহাস

**২. এথেন্সের অধিবাসীদের ভাগ করা হতো—**

i. নাগরিক হিসেবে
ii. বিদেশি হিসেবে
iii. দাস হিসেবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. নাগরিকতা অর্জনের ক্ষেত্রে কোনটি সর্বজনীন পদ্ধতি?**

ক জন্মসূত্রে নাগরিকতা অর্জন
খ অনুমোদনসূত্রে নাগরিকতা অর্জন
গ চুক্তির মাধ্যমে নাগরিকতা অর্জন
ঘ মানবিকতার ভিত্তিতে নাগরিকতা অর্জন

**৪. রাষ্ট্র কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত অধিকারকে কী বলা হয়?**

ক আইনগত অধিকার
খ নৈতিক অধিকার
গ সাংস্কৃতিক অধিকার
ঘ ভাষার অধিকার

**৫. নাগরিকের সামাজিক অধিকার কোনটি?**

ক নির্বাচন করার অধিকার
খ শিক্ষা অধিকার
গ চাকরির অধিকার
ঘ অবকাশ লাভের অধিকার

**অনুচ্ছেদটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও**

গার্মেন্টস শ্রমিকরা বিভিন্ন দাবি-দাওয়া আদায়ের জন্য পল্টন ময়দানে সমাবেশ করে। উক্ত সমাবেশে এক শ্রমিক বক্তব্য রাখতে গিয়ে বলেন, শ্রম দিই আমরা আর তার ফায়দা লুটেন মালিকরা।

**৬. অনুচ্ছেদে কোন স্বাধীনতার কথা প্রতিফলিত হয়েছে?**

ক সামাজিক স্বাধীনতা
খ ব্যক্তি স্বাধীনতা
গ অর্থনৈতিক স্বাধীনতা
ঘ জাতীয় স্বাধীনতা

**৭. উক্ত স্বাধীনতা নিশ্চিত হলে—**

i. নাগরিকরা আর্থিক সুবিধা পাবে
ii. অন্যান্য স্বাধীনতা ভোগ করা যায়
iii. নাগরিকরা শোষণ মুক্ত থাকে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৮. রাজনৈতিক সাম্য বলতে বোঝায়—**

i. সমান মতামত প্রকাশ করার অধিকার
ii. ভোট দেওয়ার অধিকার
iii. নির্বাচিত হওয়ার অধিকার

**নিচের কোনটি সঠিক?**

ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

**৯. ইমন সৌদি আরবের বাসিন্দা। সেখানকার রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহন করে থাকে—**

ক রাজনৈতিক দলের খ উপজাতি গোষ্ঠীর
গ কর্মসূচির ঘ রাজপরিবার

**১০. নাগরিক অধিকারের গ্যারান্টি কোনটি?**

ক সংসদীয় গণতন্ত্র
খ মানবাধিকার কমিশন
গ সংবিধান
ঘ নির্বাচন

**১১. রাষ্ট্রধর্ম ইসলাম রাখার পাশাপাশি সকল ধর্মচর্চার স্বাধীনতা নিশ্চিত করা হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?**

ক ত্রয়োদশ সংশোধনী
খ দশম সংশোধনী
গ পঞ্চদশ সংশোধনী
ঘ চতুর্দশ সংশোধনী

**১২. রাষ্ট্রপতির কার্যকাল কত বছর?**

ক চার খ পাঁচ গ ছয় ঘ সাত

**১৩. জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?**

ক রাষ্ট্রপতি খ প্রধানমন্ত্রী
গ স্পিকার ঘ প্রধান বিচারপতি

**১৪. রাজনৈতিক দল ও গণতন্ত্র প্রায়-**

ক পরিপূরক খ প্রতিযোগি
গ সমার্থক ঘ পরিপন্থী

Teachingbd.com

১৫. কেন্দ্র থেকে স্থানীয় পর্যায় পর্যন্ত কাদের শাখা বিস্তৃত থাকে?

ⓚ পরিবারের
ⓚ কোম্পানির
ⓖ রাজনৈতিক দলের
ⓖ চাপ সৃষ্টিকারী দলের

১৬. নির্বাচন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত —

i. ভোটার তালিকা প্রণয়ন
ii. নির্বাচনি এলাকা নির্ধারণ
iii. প্রতীক বণ্টন

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii  ⓚ ii ও iii
ⓖ i ও iii  ⓖ i, ii ও iii

১৭. স্থানীয় সরকারের প্রয়োজন কোন কারণে?

ⓚ জনগণের স্বার্থ নিশ্চিত করার জন্য
ⓚ চেয়ারম্যান ও সদস্য নির্বাচিত হওয়ার জন্য
ⓖ রাস্তাঘাট নির্মাণের জন্য
ⓖ জনগণের ভোট দেওয়ার জন্য

১৮. স্থানীয় সরকারের সর্বোচ্চ স্তর কোনটি?

ⓚ গ্রাম পরিষদ  ⓚ ইউনিয়ন পরিষদ
ⓖ থানা পরিষদ  ⓖ জেলা পরিষদ

১৯. ইউনিয়ন পরিষদের মোট সদস্য সংখ্যা কত?

ⓚ ৯ জন  ⓚ ১৩ জন
ⓖ ১০ জন  ⓖ ১২ জন

২০. উপজেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা কে?

ⓚ জেলা প্রশাসক
ⓚ এমপি
ⓖ চেয়ারম্যান
ⓖ উপজেলা নির্বাহী অফিসার

২১. VGD এর পূর্ণরূপ হচ্ছে—

ⓚ Vulnerable Group Development
ⓚ Food for Education
ⓖ Vulenerable Group Feeding
ⓖ Vulenerable Group Assernent

২২. মিসরে পররাষ্ট্রমন্ত্রী সম্মেলনে কতটি মুসলিম দেশ অংশ নিয়েছিল?

ⓚ ১২টি  ⓚ ১৩টি
ⓖ ১৪টি  ⓖ ১৫টি

২৩. নিখিল ভারত মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়?

ⓚ ১৯০৭ সালে  ⓚ ১৯০৬ সালে
ⓖ ১৯০৯ সালে  ⓖ ১৯১৯ সালে

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

ব্রিটিশ শাসনামল থেকে বাংলাদেশের মানুষ নানাভাবে নিষ্পেষিত হতে থাকে। লাহোর প্রস্তাব, ৬ দফা কর্মসূচি, ভাষা আন্দোলন, ৬৯ এর গণঅভ্যুত্থান ও ৭১ এর মুক্তির সংগ্রাম এ জনপদের মানুষকে সংগ্রামী করে তোলে।

২৪. লাহোর প্রস্তাব উত্থাপিত হয় ১৯৪০ সালের—

ⓚ ২৩ মার্চ  ⓚ ২৫ মার্চ
ⓖ ২৬ মার্চ  ⓖ ২৮ মার্চ

২৫. ভাষা আন্দোলনের ফলে—

i. বাঙালি জাতীয়তাবাদের বিকাশ ঘটে
ii. বাংলা ভাষা রাষ্ট্রীয় মর্যাদা লাভ করে
iii. পাকিস্তানি শাসকরা ভীত হয়ে পড়ে

নিচের কোনটি সঠিক?

ⓚ i  ⓚ ii
ⓖ i ও ii  ⓖ i, ii ও iii

২৬. বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের একটি তাৎপর্যপূর্ণ অধ্যায় হলো—

ⓚ ভাষা আন্দোলন
ⓚ ছয় দফা আন্দোলন
ⓖ ১১ দফা আন্দোলন
ⓖ ৬২ এর গণঅভ্যুত্থান

২৭. সার্ক কী?

ⓚ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা
ⓚ আঞ্চলিক উন্নয়ন সংস্থা
ⓖ স্বেচ্ছাসেবী সংস্থা
ⓖ অনুমোদিত সংস্থা

২৮. সার্কের প্রথম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

ⓚ দিল্লিতে  ⓚ ইসলামাবাদে
ⓖ ঢাকায়  ⓖ কলম্বোতে

২৯. জাতিসংঘের প্রশাসনিক প্রধানের পদবি কী?

ⓚ চেয়ারম্যান  ⓚ সভাপতি
ⓖ জেনারেল সেক্রেটারি  ⓖ মহাসচিব

৩০. আন্তর্জাতিক বিরোধ মীমাংসায় কাজ করে—

i. নিরাপত্তা পরিষদ
ii. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ
iii. আন্তর্জাতিক আদালত

নিচের কোনটি সঠিক?

ⓚ i  ⓚ ii
ⓖ ii ও iii  ⓖ i ও iii

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

http://teachingbd.com